দৈনিক জনকণ্ঠ

দৈনিক ইত্তেফাক

18 2002

তারিখ ... ... ... ... ... ... ...

পৃষ্ঠা ... কলাম ...

# সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস লংঘন করে জেলা শিক্ষা অফিসার নিয়োগ প্রক্রিয়া শুরু

বিশেষ সংবাদদাতা : জেলা শিক্ষা অফিসার নিয়োগ বিধিমালা ও শিক্ষা মন্ত্রণালয়ের পদ সৃষ্টির আদেশ লংঘন করে জোনাল প্রজেক্ট অফিসারদের জেলা শিক্ষা অফিসার নিয়োগের প্রক্রিয়া শুরু করা হয়েছে। বিধি বহির্ভূত এ ধরনের নিয়োগ সম্পন্ন হলে ভবিষ্যতে সংশ্লিষ্ট নীতি নির্ধারকদের মামলায় জড়িয়ে পড়ারও আশংকা রয়েছে। বাংলাদেশ সিভিল সার্ভিস রিক্রুটমেন্ট রুলস ১৯৮১ (১৯৮৯ সালে সংশোধিত)-এর ১৭ নং বিধি অনুযায়ী জেলা শিক্ষা অফিসারের মোট পদের ৮০ শতাংশ সহকারী স্কুল পরিদর্শক, সহকারী জেলা শিক্ষা অফিসার ও সহকারী প্রধান শিক্ষকগণের পদোন্নতির মাধ্যমে এবং অবশিষ্ট ২০ শতাংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের কথা বলা হয়েছে। এ নিয়োগবিধি লংঘন করে ১০ জন জোনাল প্রজেক্ট অফিসারকে জেলা শিক্ষা অফিসার নিয়োগের প্রক্রিয়া শুরু করা হয়েছে। শিক্ষা অধিদপ্তর থেকে এ ব্যাপারে সুপারিশ করে

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## জেলা শিক্ষা অফিসার নিয়োগ

৮-এর পৃষ্ঠার পর

মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

জানা গেছে, বিজ্ঞান শিক্ষার উপর গুরুত্বারোপসহ মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন শীর্ষক একটি প্রকল্প ১৯৮২ সাল থেকে শুরু হয়। প্রকল্পের পিআইইউ ছাড়াও ৯টি সরকারী শিক্ষক প্রশিক্ষণ কলেজে ৯টি মাধ্যমিক শিক্ষা ও বিজ্ঞান উন্নয়ন কেন্দ্র এবং ২১টি বৃহত্তর জেলায় ২১টি জোনাল প্রকল্প অফিস স্থাপন করা হয়। ১৯৯১ সালে প্রকল্পের মেয়াদ শেষ হলে সংস্থাপন মন্ত্রণালয়ের ৩ নভেম্বর '৯৪ তারিখের এক স্মারক নির্দেশ অনুসারে শিক্ষা মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর '৯৫ তারিখের আদেশ অনুসারে প্রকল্পভুক্ত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ৩৭৭টি পদ রাজস্ব খাতে স্থানান্তর করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত আদেশের অনুচ্ছেদ ২ (গ)-এ 'জোনাল প্রজেক্ট অফিসার'সহ ৩৫টি পদ বিলুপ্ত করা হয়। আদেশের অনুচ্ছেদ ৩-এ নতুন সৃষ্ট পদ হিসেবে জোনাল প্রজেক্ট অফিসার পদটিকে 'প্রভাষক' পদে রূপান্তর করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ অনুসারে জোনাল প্রজেক্ট অফিসার পদ বিলুপ্ত ঘোষণার পরও ১১ সেপ্টেম্বর ২০০১ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপন বলে জোনাল প্রজেক্ট অফিসার হিসেবে কর্মরতদের সেই পদেই স্থায়ী করা হয়। এখন নতুন করে জোনাল প্রজেক্ট অফিসারদের জেলা শিক্ষা অফিসার নিয়োগ করার প্রক্রিয়া শুরু হয়েছে।

জেলা শিক্ষা অফিসারের নিয়োগ বিধিমালা ও শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ লংঘন করে জোনাল প্রজেক্ট অফিসারদের জেলা শিক্ষা অফিসার নিয়োগ করা হলে নীতি নির্ধারকদের ভবিষ্যতে বেআইনী অনুমোদনের জন্য মামলার সম্মুখীন হতে হবে বলে আশংকা করা হচ্ছে।